
# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে " PHYSICAL PROTECTION FOR NUCLEAR FACILITIES IN INDIA " বিষয়ে সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মাসুদুল কবীর গত ০৪/১২/২০১৯ ইং তারিখ রোজ সোমবার কর্তৃপক্ষে **PHYSICAL PROTECTION FOR NUCLEAR FACILITIES IN INDIA** বিষয়ে একটি সেমিনার প্রদান করেন। সেমিনারের বক্তা ইতিপূর্বে এই বিষয়ে গত ২৯ জুলাই-০৯ আগস্ট ২০১৯ তারিখে India -তে অনুষ্ঠিত Training on Physical Protection for Nuclear Facilities" এ অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ পরবর্তী কার্যক্রমের অংশ হিসেবে বক্তা এই সেমিনারটি প্রদান করেন। কর্তৃপক্ষের মাননীয় সদস্য প্রকৌ: কাজী ওবায়দুল আউয়াল এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে কর্তৃপক্ষের বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী ও প্রকৌশলী উপস্থিত ছিলেন। সেমিনারে Physical Protection এর বিষয়ে ভারতে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে আলোচিত বিষয়সমূহ উপস্থাপন করা হয় যাতে Physical Protection এর ক্ষেত্রে প্রযোজ্য আন্তর্জাতিক মানদন্ড/নীতিমালা/চাহিদা এবং ভারতের উদাহরণ তুলে ধরা হয়। সেমিনারের শেষভাগে উপস্থিত বিজ্ঞানী ও প্রকৌশলীগণের উপস্থাপিত বিভিন্ন প্রশ্নের উত্তরের সাথে প্রশ্নোত্তর পর্ব  অনুষ্ঠিত হয় এবং পরবর্তীতে উন্মুক্ত আলোচনা ও মতবিনিময় শেষে সেমিনারের পরিসমাপ্তি ঘোষণা করা হয়।






চিত্রঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে **PHYSICAL PROTECTION FOR NUCLEAR FACILITIES IN INDIA** বিষয়ক সেমিনার

Rahim